

টোকিও টুরিজম এক্সপোতে অংশ নিয়েছে বাংলাদেশ

- A Monitor Desk Report

Date: 26 September, 2024



ঢাকা: টোকিওর বিগ সাইটে আয়োজিত টুরিজম এক্সপোতে অংশগ্রহণ করছে বাংলাদেশ। বাংলাদেশ টুরিজম বোর্ডের উদ্যোগে ও টোকিওস্থ বাংলাদেশ দূতাবাসের সহযোগিতায় এই এক্সপোতে বাংলাদেশ অংশ নেয়।

টুরিজম এক্সপোতে এবার বাংলাদেশ থেকে সাতটি প্রতিষ্ঠান অংশগ্রহণ করছে কোভিড-১৯ মহামারির কারণে বিগত ২০১৯ এরপর এবারই টুরিজম এক্সপোতে বাংলাদেশ অংশগ্রহণ করছে।

বৃহস্পতিবার (২৬ সেপ্টেম্বর) দূতাবাসের চার্জ দা অ্যাফেয়ার্স শাহ আসিফ রহমান বাংলাদেশ প্যাভিলিয়নের উদ্বোধন করেন।

তিনি অংশগ্রহণকারী স্টলগুলো ঘুরে দেখেন ও জাপান থেকে বাংলাদেশে আরও বেশি সংখ্যায় পর্যটক নিয়ে যেতে তাদের উৎসাহিত করেন। এসময় দূতাবাসের কমার্শিয়াল কাউন্সিলর মোরারজী দেশাই বর্মন, দ্বিতীয় সচিব প্রেস ইমরানুল হাসানসহ বাংলাদেশ থেকে আগত উদ্যোক্তারা উপস্থিত ছিলেন।

-B